

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার

স্মারক নং-৪৬.০০.৮৭০০.০১৭.২৭.০০২.১৭(অংশ-১)- ৪০০

তারিখ : ০১ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ।
১৫ মে, ২০১৭ খ্রিঃ।


অফিস আদেশ

যেহেতু, গত ২৭/০২/২০১৭ তারিখে তালা উপজেলা পরিষদ চত্বরে “ভিক্ষুক মুক্তকরণ, ভিক্ষুকদের কর্মসংস্থান ও পুনর্বাসন কর্মসূচী” চলাকালীন সময়ে সাতক্ষীরা জেলার তালা উপজেলাধীন মাগুরা ইউনিয়ন পরিষদের ০৬নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ ময়নুল ইসলাম, পিতা-শেখ আজগার আলী, গ্রাম-মাগুরাডাঙ্গা শত শত মানুষের সামনে মাগুরা ইউনিয়ন পরিষদ সচিব জনাব শহিদুল ইসলামকে অকথ্য ভাষায় গালিগালাজ করে এবং তাকে লাঠি দিয়ে মারতে উদ্যত হন;

যেহেতু, এরূপ কার্যক্রম অসদাচরণের সামিল এবং যেহেতু, জেলা প্রশাসক, সাতক্ষীরা কার্যালয়ের তদন্তে উল্লিখিত ইউনিয়ন পরিষদের ০৬নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ ময়নুল ইসলাম এর বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উক্ত ইউনিয়ন পরিষদ সদস্যকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।



(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৮৭০০.০১৭.২৭.০০২.১৭(অংশ-১)- ৪০০

তারিখ : ০১ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ।
১৫ মে, ২০১৭ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব মোঃ ময়নুল ইসলাম (সাময়িক বরখাস্তকৃত), সদস্য, ৬নং ওয়ার্ড, মাগুরা ইউনিয়ন পরিষদ, তালা, সাতক্ষীরা।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব